দৈনিক বাংলা

37

তারিখ ...08 DEC. 1989... ...
পৃষ্ঠা... ..1 ...কলাম..2. ...

# সবার জন্য শিক্ষাঃ কাল ঢাকায় আঞ্চলিক সম্মেলন শুরু

(স্টাফ রিপোর্টার)

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম ২০০০ সাল নাগাদ বাংলাদেশে সবার জন্যে শিক্ষার প্রয়োজনীয়তা উপলব্ধি করার আহ্বান জানিয়ে বলেছেন, ন্যূনতম শিক্ষার

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## সবার জন্য শিক্ষা

(প্রথম পৃঃ পর)

অভাবে জনশক্তির সদ্ব্যবহার দারুণভাবে ব্যাহত হচ্ছে।

আগামীকাল থেকে ঢাকায় তিনদিনব্যাপী অনুষ্ঠেয় সবার জন্যে শিক্ষা বিষয়ক দক্ষিণ ও মধ্য এশীয় আঞ্চলিক সম্মেলন সম্পর্কে গতকাল এক সাংবাদিক ব্রিফিং-এ শিক্ষামন্ত্রী একথা বলেন। প্রেসিডেন্ট হুসেইন মুহাম্মদ এরশাদ আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এই আঞ্চলিক সম্মেলন উদ্বোধন করবেন।

শিক্ষামন্ত্রী জানান, আগামী বছরের মার্চ মাসে ব্যাংককে সবার জন্যে শিক্ষা বিষয়ক এক বিশ্ব সম্মেলন অনুষ্ঠিত হবে। বিশ্ব সম্মেলনের প্রস্তুতির জন্যে ৯টি আঞ্চলিক সম্মেলনের একটি আগামীকাল থেকে ঢাকায় শুরু হচ্ছে। এই সম্মেলনে ৯টি দেশের মন্ত্রী ও সচিব পর্যায়ের প্রতিনিধিদল অংশ নেবেন। বাংলাদেশের প্রতিনিধিদলে ৬ জন মন্ত্রী ও সচিব পর্যায়ে ডেলিগেটসহ ১৪ জন পর্যবেক্ষক ও বেসরকারী সংস্থার ৯ জন প্রতিনিধি থাকবেন।

**ঢাকা বিশ্ববিদ্যালয় পরিস্থিতি—**

ঢাকা বিশ্ববিদ্যালয় পরিস্থিতি সম্পর্কে এক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষাঙ্গনে হানাহানি বন্ধের লক্ষ্যে সরকার দ্বিমুখী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত নিয়েছেন। প্রথমতঃ এর বিরুদ্ধে রাজনৈতিক প্রচার শুরু করা হবে। দ্বিতীয়তঃ ক্যাম্পাসে আইন-শৃংখলা পরিস্থিতি উন্নয়নের জন্যে পদক্ষেপ নেয়া হবে।

শেখ শহীদ শিক্ষাঙ্গনে সন্ত্রাসের জন্যে দলীয় রাজনীতিকে দায়ী করেন। বিরোধী রাজনৈতিক দলগুলি তাদের ছাত্র ফ্রন্ট নিষিদ্ধ করবে বলে আশা প্রকাশ করে তিনি জানান, পুনরায় ছাত্র ফ্রন্ট খোলার কোন পরিকল্পনা জাতীয় পার্টির নেই।